58

দৈনিক বাংলা

তারিখ ... 10 AUG 1995

পৃষ্ঠা ৬ কলাম ৫

# পরীক্ষার ফল জানতে ভোগান্তি

রাজশাহী ব্যুরো ঃ রাজশাহী শিক্ষা বোর্ডের এবারের এসএসসি পরীক্ষার ফলাফল জানতে গিয়ে ছাত্রছাত্রী ও অভিভাবকগণকে গতকাল যথেষ্ট হয়রানি ও ভোগান্তির শিকার হতে হয়েছে।

বোর্ড অফিস, পত্রিকা অফিসগুলো এবং থানায় রেজাল্ট শীট না থাকায় ভোগান্তি বেড়েছে। বিশেষ করে স্কুলগুলোতে পরীক্ষার ফল থাকলেও মেধা তালিকা ছিল না। শুধুমাত্র কেন্দ্রে মেধা তালিকা থাকায় দূরদূরান্ত থেকে আগত ছাত্রছাত্রীদের অসুবিধার সম্মুখীন হতে হয়েছে। অনেকে সংবাদপত্র অফিসে এসে এবং টেলিফোন করে খোঁজখবর নেন। ভিড় এড়াতে বোর্ড অফিসে পুলিশ মোতায়েন করা হয়।